

খন্ডকালীন ভাষা প্রশিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

বিদেশ গমনেচ্ছু কর্মীদের গন্তব্য দেশের ভাষা প্রশিক্ষণের জন্য বিভিন্ন জেলার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে (টিটিসি) ভাষা প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হচ্ছে। জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য খন্ডকালীন ভাষা প্রশিক্ষক (জাপানিজ) নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খন্ডকালীন ভাষা প্রশিক্ষক (জাপানিজ) হিসেবে কাজ করতে আগ্রহী ব্যক্তিদের বিএমইটি'র ওয়েবসাইট (www.bmet.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করে তা পূরণপূর্বক স্ক্যান কপি bmettrs@gmail.com ই-মেইলে ০১-০৯-২০১৯ হতে ১৫-০৯-২০১৯ খ্রিঃ সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের সাথে কোন কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই।

ক্রমিক নম্বর	পদের নাম	সর্বসাকুল্য মাসিক ভাতা	আবেদনের যোগ্যতা
১	খন্ডকালীন ভাষা প্রশিক্ষক (জাপানিজ)	৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা	যে কোন বিষয়ে স্নাতক ও জাপানিজ ভাষা দক্ষতা পরীক্ষায় কমপক্ষে Level-N4 পাশ হতে হবে (তবে Level-N3 পাশকৃতগণ অধিক গ্রহণযোগ্য)। জাপানিজ ভাষার উপর অধিক যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

ইন্টারভিউ এর সময় প্রার্থীদের নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ পূর্বক বাংলায় লেখা মূল আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের ফটোকপি সংযুক্ত করে জমা প্রদান করতে হবে এবং সকল সনদের মূল কপি ভাইবা বোর্ডে দেখাতে হবে।

- আবেদনকারীকে মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে (ক) নিজ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ১ মার্চ/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স (জ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, শ্রেণী/ বিভাগ, পাশের সন, বোর্ড/ বিশ্ববিদ্যালয় ইত্যাদি) (ঝ) জাপানিজ ভাষার উপর যোগ্যতা ও অভিজ্ঞতা (ঞ) জাতীয়তা (ট) ধর্ম (ঠ) বৈবাহিক অবস্থা (ড) ই-মেইল (ঢ) মোবাইল নম্বর (ণ) প্রার্থীত পদের নাম উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নোল্লিখিত কাগজপত্রাদি (১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের ফটোকপি (খ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ১ কপি ছবি (গ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (ঘ) প্রশিক্ষণ সনদপত্রের ফটোকপি (ঙ) জাপানিজ ভাষা দক্ষতা পরীক্ষার সনদপত্রের ফটোকপি (চ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- আবেদনকারীর মোবাইল নম্বরে/ই-মেইলে ইন্টারভিউ এর তারিখ ও স্থান মেসেজ এর মাধ্যমে জানানো হবে।
- অংশগ্রহণকারীদের পরীক্ষার ফলাফল পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড এবং বিএমইটির ওয়েবসাইট (www.bmet.gov.bd) এ জানানো হবে।
- ১ সেপ্টেম্বর/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৪৫ বছর হতে হবে।
- প্রার্থীকে ঢাকার বাহিরে যে কোন জেলার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কাজ করতে আগ্রহী হতে হবে।

কর্তৃপক্ষ